



শেখ হাসিনার  
উদ্যোগ  
মহলে মন্ত্রণা  
বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি  
পোলঘাট, বাগেরহাট।

ফোন : ০৪৬৮-৬৩৩৮৮(অফিস/বাসা)  
E-mail : [bagerhatpbs@yahoo.com](mailto:bagerhatpbs@yahoo.com)  
Website: [www.pbs.bagerhat.gov.bd](http://www.pbs.bagerhat.gov.bd)



স্মারক নং-২৭.১২.০১০৮.৫৩২.০২.০২১.২১ . ২৭

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ, ১৪২৮ বাংলা  
১৪ জুন, ২০২১ খৃষ্টাব্দ

### “রিটেইনার ডাক্তার নিয়োগের বিজ্ঞপ্তি”

বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতির চিতলমারী জোনাল অফিসের কর্মকর্তা/কর্মচারীগণের চিকিৎসা সুবিধা প্রদানের জন্য নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে “রিটেইনার ডাক্তার” নিয়োগের জন্য দরখাস্ত আহবান করা যাচ্ছে।

#### শর্তাবলীঃ-


- ০১। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে এবং এম বি বি এস ডিগ্রী থাকতে হবে।
- ০২। প্রার্থী কোন সরকারী/আধা সরকারী/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে মেডিকেল অফিসার পদে চাকুরীরত থাকলে বিনা আপত্তির সনদ/সুপারিশসহ আবেদন করতে হবে।
- ০৩। সপ্তাহে ০২(দুই) দিন জোনাল অফিসে এসে কর্মকর্তা/কর্মচারী ও তাদের পরিবার পরিজনকে চিকিৎসা সুবিধা প্রদান করতে হবে এবং সপ্তাহের অন্যান্য দিনে নিজস্ব চেম্বারে/ বাসায় ফ্রি সার্ভিস প্রদান করতে হবে। এক্ষেত্রে কোন ভিজিট চাওয়া/ নেয়া যাবে না। প্রয়োজনে কর্মকর্তা/কর্মচারীগণের বাসায় কল করা হলে কর্মকর্তা/কর্মচারী যানবাহনের ব্যবস্থা করবেন এবং প্রার্থীকে কলে এসে রোগী দেখতে হবে।
- ০৪। প্রার্থীকে সমিতির নির্দেশিকা/সার্কুলার অনুযায়ী রিটেইনার ফি প্রদান করা হবে।
- ০৫। রিটেইনার ডাক্তার হিসেবে অন্য কোন পল্লী বিদ্যুৎ সমিতিতে নিযুক্ত থাকতে পারবেন না।

উপরোক্ত শর্তাবলীর আলোকে যারা আলোচ্য পদে নিয়োগ লাভে ইচ্ছুক তাদেরকে সাদা কাগজে স্বহস্তে নিম্নবর্ণিত তথ্যাদিসহ আগামী ৩০-০৬-২০২১ খ্রি: তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর বরাবরে আবেদনপত্র জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো।

- (ক) আবেদনকারী নাম :
- (খ) মাতার নাম :
- (গ) পিতার নাম :
- (ঘ) স্থায়ী ঠিকানা :
- (ঙ) বর্তমান ঠিকানা :
- (চ) জন্ম তারিখ :
- (ছ) বয়স (৩০-০৬-২০২১ খ্রি: তারিখে)।
- (জ) জাতীয়তা :
- (ঝ) ধর্ম :
- (ঞ) শিক্ষাগত যোগ্যতা :
- (ট) মেডিকেল অফিসার হিসেবে অভিজ্ঞতা :
- (ঠ) স্থানীয় স্ব-শাসিত অথবা অন্যকোন প্রতিষ্ঠানে রিটেইনার ডাক্তার পদে বর্তমানে নিয়োজিত থাকলে তার পূর্ণ বিবরণ :
- (ড) চাকুরীরত থাকলে তার বিবরণ :
- ০৬। শর্তাবলীতে উল্লেখ নেই এমন বিষয়ে পবিস ব্যবস্থাপনা কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।
- ০৭। পবিস কর্তৃপক্ষ যে কোন বা সকল আবেদনপত্র বাতিল করতে পারবেন।


(পাতা-০২)

উপরোক্ত তথ্যাদির বিপরীতে প্রয়োজনীয় কাগজপত্র ও শিক্ষাগত যোগ্যতার সনদ,০২(দুই) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি এবং ইউপি/পৌরসভার/সিটি কর্পোরেশনের নাগরিকত্বের সনদপত্র/জাতীয় পরিচয়পত্রের কপি আবেদনের সাথে জমা প্রদান করতে হবে। অসম্পূর্ণ/ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

  
(মোঃ জাকির হোসেন)  
জেনারেল ম্যানেজার।

অনুলিপিঃ- (বিজ্ঞপ্তিটি নোটিশ বোর্ডের মাধ্যমে বহুল প্রচারের অনুরোধসহ), (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ০১। নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
- ০২। পরিচালক, পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৩। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
- ০৪। জেলা প্রশাসক, বাগেরহাট/খুলনা।
- ০৫। পুলিশ সুপার, বাগেরহাট/খুলনা।
- ০৬। সিভিল সার্জন, বাগেরহাট/খুলনা।
- ০৭। ডিজিএম, ফকিরহাট/রামপাল/ চিতলমারী জোনাল অফিস, বাপবিস।
- ০৮। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, বাগেরহাট সদর/ফকিরহাট/মোল্লাহাট/চিতলমারী/কচুয়া/রামপাল/মংলা, বাগেরহাট / রূপসা, খুলনা।
- ০৯। উপজেলা নির্বাহী কর্মকর্তা, বাগেরহাট সদর/ফকিরহাট/মোল্লাহাট/চিতলমারী/কচুয়া/রামপাল/মংলা, বাগেরহাট / রূপসা, খুলনা।
- ১০। এজিএম (অর্থ), বাপবিস।
- ১১। নোটিশ বোর্ড, সদর দপ্তর/চিতলমারী জোনাল অফিস, বাগেরহাট পবিস।
- ১২। অফিস কপি/মাস্টার কপি।

  
(মোঃ জাকির হোসেন)  
জেনারেল ম্যানেজার।